দৈনিক ইত্তেফাক

তারিখ 18 NOV 1998
পৃষ্ঠা ২৮ কলাম ২

# আগামী ৩ বছরে ৬টি নয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে

## শিক্ষামন্ত্রী

যশোর অফিস ॥ শিক্ষামন্ত্রী এ এসএইচকে সাদেক গতকাল মঙ্গলবার সন্ধ্যায় যশোর সার্কিট হাউজে আহূত সাংবাদিক সম্মেলনে বলেন, দেশে

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

প্রস্তাবিত ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ অচিরেই শুরু হইবে। দুই পর্যায়ে এই সকল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কর্মসূচী সরকার হাতে নিয়াছে। ইহার মধ্যে আগামী তিন বছরের মধ্যে ৬টি এবং পরবর্তী পাঁচ বছরে বাকী ৬টি বিশ্ববিদ্যালয় নির্মিত হইবে। তিনি বলেন, অতীতে এই দেশে উচ্চ শিক্ষা খাতে সরকার বার্ষিক যে অর্থ ব্যয় বরাদ্দ করে উহার পরিমাণ ছিল নিতান্তই অপ্রতুল। ফলে উচ্চ শিক্ষার হার বৃদ্ধিসহ দেশে দক্ষ জনশক্তি গড়িয়া উঠে নাই। বর্তমান সরকার কারিগরি শিক্ষার উন্নয়নে জাতির নিকট প্রদত্ত অঙ্গীকার অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়াছে।

শিক্ষামন্ত্রী বলেন, ১৯৯৬ সালের জুন মাসে বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের সময় দেশে সাক্ষরতার হার ছিল ৪৭ শতাংশ। চলতি বছরের জুন মাসে এই হার ৫৬ শতাংশে উন্নীত হইয়াছে। আগামী দুই হাজার সাল নাগাদ সাক্ষরতার হার ৮৫ শতাংশে উন্নীতকরণের লক্ষ্যমাত্রা অর্জিত হইবে বলিয়া তিনি আশা প্রকাশ করেন।

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী যশোর জেলায় সাম্প্রতিককালে আইন-শৃঙ্খলার অবনতিতে উদ্বেগ প্রকাশ করিয়া বলেন, এ ব্যাপারে তিনি জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিবেন।